দৈনিক
জনকণ্ঠ

তারিখ 15 AUG 2018
পৃষ্ঠা ... কলাম ...

# ময়মনসিংহ শিক্ষা বোর্ড স্থাপনে ৭ সদস্যের কমিটি

**স্টাফ রিপোর্টার ॥** একাদশ শিক্ষা বোর্ড হিসেবে 'ময়মনসিংহ শিক্ষাবোর্ড' স্থাপনের লক্ষ্যে সাত সদস্যের কমিটি গঠন করেছে সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) চৌধুরী মুফাদ আহমেদকে প্রধান করে এ কমিটি গঠন করা হয়েছে। রবিবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় গঠিত কমিটিকে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে ময়মনসিংহে শিক্ষাবোর্ড স্থাপনের প্রয়োজনীয় সুপারিশ সংবলিত প্রতিবেদন দিতে বলা হয়েছে।

কমিটিতে সদস্য-সচিব হিসেবে থাকছেন যুগ্ম-সচিব (মাধ্যমিক) রুহী রহমান। অন্য সদস্যরা হলেন ময়মনসিংহের বিভাগীয় কমিশনার, ঢাকা শিক্ষাবোর্ডের চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক (মাধ্যমিক), ময়মনসিংহের জেলা প্রশাসক এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের ময়মনসিংহ অঞ্চলের উপ-পরিচালক। শিক্ষা সচিব সোহরাব হোসাইনের সভাপতিত্বে সভায় শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তা ছাড়াও সকল শিক্ষাবোর্ডের চেয়ারম্যান এবং ময়মনসিংহের বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক উপস্থিত ছিলেন। ময়মনসিংহ, শেরপুর, জামালপুর ও নেত্রকোনা জেলা নিয়ে নতুন এই বিভাগটি হলেও বৃহত্তর ময়মনসিংহের দুই জেলা টাঙ্গাইল ও কিশোরগঞ্জ ঢাকা বিভাগেই থাকছে।